

উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় কর্তৃকগৃহীত কোভিড-১৯ কালীন কার্যক্রমঃ

ক্রঃ নং	উল্লেখযোগ্য চ্যালেঞ্জ সমূহ	কোভিড-১৯ মোকাবেলায় গৃহীত পদক্ষেপ
১	করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমনকালীন সময়ে জীবনের ঝুঁকি নিয়ে সরকারী দায়িত্ব পালন	সেবা কেন্দ্রে আগত সেবা গ্রহীতাদের নিরাপদ দূরত্ব বজায় রেখে মাস্ক পরিহিত অবস্থায় সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ
২	স্থানীয় প্রশাসনের নির্দেশনা মোতাবেক বিদেশ ফেরত ব্যক্তিবর্গকে বাড়ীতে সঙ্গরোধ(Home Quarantine) মনিটরিং করার জন্য পরিবার পরিকল্পনা বিভাগের মাঠকর্মীদের দায়িত্ব প্রদান	স্ব-স্ব ইউনিয়নের মাঠকর্মীদের/এনজিও কর্মীদের সাথে স্বার্বক্ষণিক যোগাযোগের মাধ্যমে সার্বিক মনিটরিং এর ফলাফল উপজেলা নির্বাহী অফিসার মহোদয় এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে জানানোর নির্দেশ প্রদান
৩	কোভিড-১৯ কালীন সময়ে মা ও নবজাতকের সম্ভাব্য সংক্রমন প্রতিরোধ করার লক্ষ্যে গর্ভধারণ হতে বিরত থাকার পরামর্শ এবং চাহিদামত পরিবার পরিকল্পনা সেবা নিশ্চিতকরণ।	কোভিড-১৯ কালীন সময়ে চাহিদামত পরিবার পরিকল্পনা সেবা সামগ্রী প্রদান এবং মা ও নবজাতকের পুষ্টি নিশ্চিত প্রয়োজনে মোবাইল/টেলিফোনে পরামর্শ প্রদানের ব্যবস্থা গ্রহণ
৪	কোভিড-১৯ কালীন সময়ে করোনা ভাইরাস বিস্তার রোধে সচেতনতার জন্য মাস্ক ব্যবহার সংক্রান্ত ব্যানার/পোস্টার দর্শনীয় স্থানে প্রদর্শন এবং সেবা কেন্দ্রগুলোতে সাবান পানির ব্যবস্থা।	কোভিড-১৯ মোকাবেলায়/সংক্রমণ রোধকল্পে সেবাগ্রহণকারীসহ কেন্দ্রে আগত সকলকে মাস্ক পরিধান ব্যতীত কোনক্রমেই সেবাপ্রদানকারী ও সেবাগ্রহণকারী সেবাপ্রদান ও সেবাগ্রহণ করতে পারবে না। অর্থাৎ “ No Mask, No Service” নীতি অনুসরণের ব্যবস্থা গ্রহণ।
৫	করোনা ভাইরাস (কোভিড-১৯) বিস্তার রোধে কেন্দ্রে স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম চলমান রাখা।	পরিবার পরিকল্পনা সেবা কেন্দ্রগুলোতে সচেতনতাবৃদ্ধির জন্য স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম অব্যাহত আছে।